গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.১৮.০২৫৯.০৬.৮৮৮-এ/ও

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
২১/০৫/২০২৬ খ্রি:

## আদেশ

যেহেতু জনাব মোঃ ছিদ্দিকুর রহমান সরকার, পিতা: আব্দুল কুদ্দুছ সরকার, মাতা: মোসাঃ আমেলা খাতুন, গ্রাম: নাওহালা, ডাক: কুন্দারপাড়া, উপজেলা: শিবপুর, জেলা: নরসিংদী-কে সমবায় অধিদপ্তরের আদেশ নং- ২৫৪-এ/ও, তারিখ: ১৯.০৩.২০০৬ মূলে সহকারী পরিদর্শক পদে নিয়োগ প্রদান করা হয়। তিনি বিগত ২৩.০৩.২০০৬ তারিখ উপজেলা সমবায় কার্যালয়, মদন, নেত্রকোনায় যোগদান করে ০২ বছর ০৬ মাস নিয়মিত চাকরি করে সরকারি সকল সুযোগ সুবিধা ভোগ করেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের পত্র নং- পউসবি/প্র:শা:-৪/পি-৬২/২০০৭/২৮৯, তারিখ: ০৮.০৫.২০০৮ এর নির্দেশনা মোতাবেক সমবায় অধিদপ্তরের আদেশ নং- ১৫০২-এ/ও, তারিখ: ১৫.১০.২০০৮ মূলে জনাব মোঃ ছিদ্দিকুর রহমান সরকার, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মদন, নেত্রকোণা এর নিয়োগ আদেশ বাতিল করা হয়;

০২। যেহেতু জনাব মোঃ ছিদ্দিকুর রহমান সরকার নিয়োগ আদেশ বাতিলের বিরুদ্ধে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি মামলা নং- ৫৫/২০১০ (নতুন) ৩৬/২০০৯ (পুরাতন) মামলা দায়ের করলে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩, ঢাকা কর্তৃপক্ষ কর্তৃক বিগত ১৮.০৪.২০১৩ তারিখ নিম্নবর্ণিত রায় ও আদেশ প্রদান করা হয়:

" that the instant application be allowed on contest against the Govt. opposite party without any order as to costs.

That the impugned order dated 15.10.2008 A.D contained in Memo No. 1502-A/O cencelling the letter of appointment of petitioner is illegal, viod and of no legal effect and is liable to be set aside.

That the opposite parties are directed to er-instate the petitioner in service and that petitioner is entitled to get the financial benefit during the period of cencellation of appointment letter in question."

০৩। যেহেতু ঘোষিত রায়ের বিপক্ষে সরকারপক্ষ থেকে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে এ.এ.টি মামলা নং- ১৮৮/২০১৩ দায়ের করলে বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল, ঢাকা বিগত ০৭.১১.২০১৬ তারিখ নিম্নবর্ণিত রায় প্রদান করেন:

" অতএব আদেশ হল যে, অত্র আপীলটি দোতরফা সূত্রে শুনানী অন্তে নামঞ্জুর হল। ঢাকার প্রশাসনিক ট্রাইব্যুনাল-৩ এ.টি মামলা নং ৫৫/২০১০=(নতুন) ৩৬/২০০৯ মঞ্জুর করে ১৮-০৪-২০-১৩ তারিখে প্রদত্ত রায় ও আদেশ বহাল রইল।"

০৪। যেহেতু, পরবর্তীতে ঘোষিত রায়ের বিপক্ষে মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে সিপিএলএ নং- ৫৬১/২০১৯ দায়ের করা হয়। মহামান্য সুপ্রিম কোর্ট বিগত ২৯.০৬.২০২৫ তারিখ নিম্নবর্ণিত রায় প্রদান করেন:

"Heard the learned Advocates for the parties and perused the impugned judgment and order of the Admimistrative Appellate Tribunal as well as other materials on record."

Considering the facts and circumstances of the case, we find no legal infirmity in the impugned judhment and order factually and legally calling for interference by this Court.

Accordingly, this Civil Petition for Leave to Appeal is dismissed as being devoid of merit.

Office is directed to do needful at once."

০৫। যেহেতু মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে সিপিএলএ নং- ৫৬১/২০১৯ এর বিগত ২৯.০৬.২০২৫ তারিখের রায়ের বিপক্ষে রিভিউ দায়েরের জন্য সমবায় অধিদপ্তরের স্মারক নং- ১৫৯০-এ/ও, তারিখ: ১৮.১১.২০২৫ মূলে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে পত্র প্রেরণ করা হলে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, আইন ও বিচার বিভাগ এর পত্র নম্বর: ১০.০০.০০০০.১৩৬.৫০.০০২.২৬ (রিভিউ)-২৮২, তারিখ: ১৮.০২.২০২৬ মূলে " আদালতের রায় অনুযায়ী প্রশাসনিক ট্রাইব্যুনাল, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল ও সুপ্রীম কোর্টের আপীল বিভাগ যে রায় ও আদেশ প্রদান করেছেন তা যুক্তিযুক্ত, আইনসংগত এবং ন্যায় বিচারপন্থী মর্মে প্রতীয়মান হওয়ায় উক্ত আদেশের বিরুদ্ধে সুপ্রীম কোর্টের মাননীয় আপীল বিভাগে রিভিউ পিটিশন দায়ে করা হলে ফল লাভের সম্ভাবনা নেই এবং সরকারের অর্থ ও মূল্যবান সময়ের অপচয়ের আশংকা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সিভিল পিটিশন ফর লিভ-টু- আপিল নম্বর-৫৬১/২০১৯ এর গত ২৯.০৬.২০২৫ তারিখের রায় ও আদেশের বিরুদ্ধে সুপ্রীম কোর্টের মাননীয় আপীল বিভাগে রিভিউ দায়ের না করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে" মর্মে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়কে পত্র দেয়া হয়।

০৬। যেহেতু সমবায় অধিদপ্তরের স্মারক নং- ৮১২-এ/ও, তারিখ: ১১.০৫.২০২৬ মূলে প্যানেল আইনজীবী জনাব কে.এম হাফিজুর রহমান নেহাল, এ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা-কে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি মামলা নং- ৫৫/২০১০ (নতুন) ৩৬/২০০৯ (পুরাতন) এর বিগত ১৮.০৪.২০১৩ তারিখের আদেশ বাস্তবায়নের বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। সে পরিপ্রেক্ষিতে প্যানেল আইনজীবী নিম্নরূপভাবে মতামত প্রদান করেছেন:

On the preminses as aforesaid, the undersigned opined to the effect that: "there remains no option for the authority and there is no Legal bar to execute, to comply and to implement the judgement and order dated 18.04.2013 passed by the learned Administrative Tribunal No.03, Dhaka in A.T Case No. 55/2010 (New), A.T Case No. 36/2009 (Old)."

০৭। সেহেতু জনাব মোঃ ছিদ্দিকুর রহমান সরকার, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মদন, নেত্রকোণা-কে সমবায় অধিদপ্তরের ১৫.১০.২০০৮ তারিখের ১৫০২-এ/ও নং আদেশ মূলে সহকারী পরিদর্শক হিসেবে নিয়োগ আদেশ বাতিলের আদেশটি এতদ্বারা প্রত্যাহারপূর্বক স্বীয় পদে চাকরিতে পুনর্বহাল করা হলো এবং নিয়োগাদেশ বাতিলের সময় হতে বর্তমান যোগদানকাল পর্যন্ত সময়কে কর্মকাল হিসেবে গণ্য করা হলো। তিনি বিধি মোতাবেক যাবতীয় আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন।

জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-মোঃ সেলিম ফকির, এনডিসি
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-৪৮১১৯৩০৫।
e-mail:reg.dg@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.০০৪.১৮.০২৫৯.০৬.৮৮৮/১ (১০)এ/ও

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩
২১/০৫/২০২৬ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ময়মনসিংহ।
২। উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৩। চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
৪। সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন), সমবায় অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা সমবায় অফিসার, নেত্রকোণা।
৬। সহকারী প্রোগ্রামার, সমবায় অধিদপ্তর, ঢাকা (তাঁকে জারিকৃত আদেশটি সমবায় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মদন, নেত্রকোণা।
৮। উপজেলা সমবায় কর্মকর্তা, মদন, নেত্রকোণা।
৯। জনাব মোঃ ছিদ্দিকুর রহমান সরকার, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, মদন, নেত্রকোণা। স্থায়ী ঠিকানা- পিতা: আব্দুল কুদ্দুছ সরকার, মাতা: মোসাঃ আমেলা খাতুন, গ্রাম: নাওহালা, ডাক: কুন্দারপাড়া, উপজেলা: শিবপুর, জেলা: নরসিংদী।
১০। সংশ্লিষ্ট নথি।

২১/০৫/২০২৬
(মোহাম্মদ সফিকুল ইসলাম)
উপনিবন্ধক (প্রশাসন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।